



মেঘনা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড MEGHNA LIFE INSURANCE CO. LTD.

সূত্র : এমএলআই/প্রঃকাঃ/প্রশাঃ/০০২/২০২১/১৩৮২

প্রশাসন বিভাগ
১৩ অক্টোবর ২০২১

অফিস নির্দেশ

বিষয় : ব্যাংক একাউন্ট এর মাধ্যমে বেতন গ্রহণ।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বর্তমানে এককবীমা, লোকবীমা ও ইসলামী বীমা (তাকাফুল) ডিভিশনের কতিপয় কর্মচারী নগদে বেতন গ্রহণ করছেন। ERP (Enterprise Resource Planning) সফটওয়্যার চালু হওয়ায় নগদে বেতন গ্রহণের কোনো সুযোগ না থাকায় অবিলম্বে সকল স্টাফকে (যারা নগদে বেতন গ্রহণ করছেন) ব্যাংক একাউন্ট খুলে এবং চেক বই গ্রহণ করে প্রধান কার্যালয়ের স্ব স্ব হিসাব বিভাগকে অবহিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

ব্যাংক একাউন্ট খুলে এবং চেক বই গ্রহণ করে প্রধান কার্যালয়ের স্ব স্ব হিসাব বিভাগকে অবহিত না করা পর্যন্ত বেতন প্রদান স্থগিত থাকবে। তবে একাউন্ট খোলার পরে তাদের স্থগিতকৃত বেতন প্রদান করা হবে।

স্বাঃ/

(মিঃ মোঃ মশিউর রহমান)
সিনিয়র ভাইস প্রেসিডেন্ট-প্রশাসন

বিতরণ :

সকল অফিস- এককবীমা/লোকবীমা/ইসলামী বীমা (তাকাফুল) ডিভিশন,
মেঘনা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিঃ,
প্রধান কার্যালয়, ঢাকা।

অনুলিপি :

০১। চেয়ারম্যান, ০২। মুখ্য নির্বাহী কর্মকর্তা, ০৩। ডিএমডি এন্ড সিএফও, ০৪। ইভিপি (আইটি)
- মেঘনা লাইফ পোর্টালে লিপিবদ্ধ করা যেতে পারে, ০৫। ডিভিপি (হিসাব ও অর্থ)-ইবী, ০৬।
ডিভিপি (হিসাব ও অর্থ)-একক, ০৭। ডিভিপি (হিসাব ও অর্থ)-লৌবী, ০৮। ফাইল।

(মিঃ মোঃ মশিউর রহমান)
সিনিয়র ভাইস প্রেসিডেন্ট-প্রশাসন